

২০১৮

বাংলা

(স্নাতকোত্তর)

অষ্টম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্তমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

(মান : ৫০)

১ নং প্রশ্ন এবং অন্য দুটি প্রশ্নের উত্তর দাও।

১। 'কপালকুণ্ডলা' কী রোমান্স নাকি নভেল? আলোচনা করো।

১৮

অথবা

'কপালকুণ্ডলা' উপন্যাসে মতিবিবি চরিত্রটি আলোচনা করো।

(Turn Over)



২। 'চতুরঙ্গ' উপন্যাসের 'দামিনী' চরিত্রটি সম্পর্কে আলোচনা করো। ১৬

অথবা

'চতুরঙ্গ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

৩। আত্মজীবনীমূলক উপন্যাস হিসেবে শ্রীকান্ত (১ম পর্ব)-এর সার্থকতা বিচার করো। 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে শরৎচন্দ্রের সমাজসচেতন মনটিকে পরিস্ফুট করো। ১৬

অথবা

'শ্রীকান্ত' (১ম পর্ব) অবলম্বনে শ্রীকান্ত ও রাজলক্ষ্মীর সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো।

৪। 'টোড়াই চরিত মানস' উপন্যাসটি আঞ্চলিক উপন্যাস হিসাবে কতটা সার্থক? ১৬

অথবা

'টোড়াই চরিত মানস' উপন্যাস আশ্রয়ে টোড়াই-এর জীবনে রামিয়া ও সাগিয়ার প্রভাব সম্পর্ক আলোচনা করো।

দ্বিতীয়ার্ধ

(মান : ৫০)

৫ নং প্রশ্ন এবং অন্য দুটি প্রশ্নের উত্তর দাও।

৫। 'দেবী' গল্পে প্রভাতকুমারের মূল বক্তব্য কী? আলোচনা করো। ১৮

অথবা

পাশ্চাত্যের পটভূমিতে লেখা প্রভাতকুমারের গল্পগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৬। 'নারী ও নাগিনী' গল্পে জৈব জীবনাশক্তির স্বরূপ উদ্ঘাটনে তারাশঙ্করের কৃতিত্ব বিচার করো। ১৬

অথবা

'জলসায়র' গল্পটি বিশ্লেষণ করো। প্রসঙ্গত এখানে তারাশঙ্করের ব্যক্তিসত্তার প্রতিফলন ঘটেছে কিনা দেখাও।

৭। 'দিবসের শেষে' গল্পটি বিশ্লেষণ করে জগদীশ গুপ্তের শিল্পীসত্তার পরিচয় দাও। ১৬

অথবা

'আদি কথার একটি' গল্পটিতে ন্যাচারালিস্ট জগদীশ গুপ্তের যে পরিচয় বিধৃত আছে তার পরিচয় দাও।



৮। নরেন্দ্রনাথ মিত্রের গল্পের বৈশিষ্ট্য নির্দেশ করে সমকালের প্রেক্ষিতে তাঁর ব্যতিক্রমী সত্তাটির পরিচয় দাও। ১৬

অথবা

‘মিনিবাস’ অথবা ‘সেতার’ গল্পটি বিশ্লেষণ করে নরেন্দ্র মিত্রের শিল্প-প্রতিভার বিচার করো।

---